পাঠ 4



একটি শিক্ষাকেন্দ্রিক বিষয়

সৃষ্টিকর্তা ঈশ্বরকে বিশ্বাস করুন যিনি আমাদের উদ্ধার করেন

সৃষ্টিকর্তা ঈশ্বরকে বিশ্বাস করুন যিনি আমাদের উদ্ধার করেন

বাইবেলের গল্প

বাইবেলের এমন গল্প ব্যবহার করুন যা শেখায় যে, সৃষ্টিকর্তা ঈশ্বর যিনি আমাদের উদ্ধার করেন তাঁকে যেন আমরা বিশ্বাস করি

সুখবরের কাহিনী পুস্তক দুই | পৃষ্ঠা 2-15 | *বড়, বড়, বড় ঝড় |*

পৃষ্ঠা 2-7এ যে গল্পটি সুখবরের কাহিনী পুস্তক দুই এ আছে তা ছেলেমেয়েদের পড়ে শোনান আর পড়তে পড়তে বই এ যে ছবিগুলো দেওয়া আছে তা ছেলেমেয়েদের দেখান |

1, 2, 3 পড়তে শুরু করুন...

নোহের বলা – জীব-জন্তুর নাটকটি অভিনয় করবার জন্য 7 ম পৃষ্ঠার শেষে এসে গল্প পড়া থামান |

নোহের বলা – জীবজন্তুর নাটক: ছেলেমেয়েরা চারটি দলে বিভক্ত হবে | একটি দল হচ্ছে কুকুরের দল, আর একটি হাঁসের দল, অন্য আর একটি হল বাঘের দল এবং আরও একটি দল হল বাঁদরের দল |

শিক্ষক: **আমাকে দেখাও তো কুকুররা কি করে?** ছোট ছেলেমেয়েরা এ্যাকশন করে: কুকুরের মত গা নাড়ে |

শিক্ষক: **কুকুররা কেমন করে ডাকে?** ছেলেমেয়েরা বলে: উফ উফ |

শিক্ষক: **হাঁসরা কেমন করে হাঁটে?** ছেলেমেয়েরা এ্যাকশন করে দেখায়: হাঁসের মত হাঁটে |

শিক্ষক: **হাঁসরা কেমন করে ডাকে?** ছেলেমেয়েরা বলে: কয়্যাক কয়্যাক |

শিক্ষক: **বাঘ কি করে হাঁটে?** ছেলেমেয়েরা এ্যাকশন করে: বাঘের মত হাঁটে |

শিক্ষক: **বাঘ কি করে ডাকে?** ছেলেমেয়েরা বলে: গররর্ গররর্ |

শিক্ষক: **বাঁদররা কি করে হাঁটে?** ছেলেমেয়েরা এ্যাকশন করে: বাঁদরের মত হাঁটে |

শিক্ষক: **বাঁদররা কেমন করে ডাকে?** ছেলেমেয়েরা বলে: উ উ উ, ঈ ঈ ঈ, আ আ আ |

পাঠ 4



খেলার নিয়মগুলো বুঝিয়ে দিন|

যখন আমি বলি, **'নোহ বলেন, কুকুররা কি করে?'** সমস্ত ছেলেমেয়েরা কুকুরের মত গা নাড়া দেয়| যখন আমি বলি, **'কুকুররা কি করে?'** শুধুমাত্র কুকুরের দলের ছেলেমেয়েরা কুকুরের মত গা নাড়ে| আমি যখন বলি, **'নোহ বলেন, কুকুররা কেমন করে ডাকে?'** সমস্ত বাচ্ছারা বলে, 'উফ উফ|' যখন আমি বলি, **'কুকুররা কেমন করে ডাকে?'** শুধুমাত্র কুকুরের দলের ছেলেমেয়েরা বলে, 'উফ উফ|'

সৃষ্টিকর্তা ঈশ্বরকে বিশ্বাস করুন যিনি আমাদের উদ্ধার করেন

যখন আমি বলি, **'নোহ বলেন, হাঁসরা কি করে?'** সমস্ত ছেলেমেয়েরা হাঁসের মত করে হাঁটে| যখন আমি বলি, **'হাঁসরা কি করে?'** তখন শুধুমাত্র হাঁসের দলের ছেলেমেয়েরা হাঁসের মত হাঁটে| যখন আমি বলি, নোহ বলেন, **'হাঁসরা কেমন করে ডাকে?'** সমস্ত ছেলেমেয়েরা বলে, 'কয়্যাক্ কয়্যাক্|' যখন আমি বলি, **'হাঁসরা কেমন করে ডাকে?'** তখন শুধুমাত্র হাঁসের দলের ছেলেমেয়েরা বলে, 'কয়্যাক্ কয়্যাক্|'

যখন আমি বলি, **'নোহ বলেন, বাঘরা কি করে?'** সমস্ত ছেলেমেয়েরা বাঘের মত হাঁটে| যখন আমি বলি, **'বাঘরা কি করে?'** শুধুমাত্র বাঘের দলের ছেলেমেয়েরা বাঘের মত হাঁটে| যখন আমি বলি, নোহ বলেন, **'বাঘ কেমন করে ডাকে?'** সমস্ত ছেলেমেয়েরা বলে, 'গররর্ গররর্|' যখন আমি বলি, **'বাঘ কেমন করে ডাকে?'** শুধুমাত্র বাঘের দলের বাচ্ছারা বলে, 'গররর্ গররর্|'

যখন আমি বলি, **'নোহ বলেন, বাঁদররা কি করে?'** সমস্ত ছেলেমেয়েরা বাঁদরের মত করে হাঁটে| যখন আমি বলি, **'বাঁদররা কি করে?'** তখন শুধুমাত্র বাঁদরের দলের ছেলেমেয়েরা বাঁদরের মত হাঁটে| যখন আমি বলি, **'নোহ বলেন, বাঁদররা কেমন করে ডাকে?' সমস্ত বাচ্ছারা বলে, 'ঈ ঈ ঈ, উ উ উ, আ আ আ|' যখন আমি বলি, 'বাঁদর কেমন করে ডাকে?'** তখন শুধুমাত্র বাঁদরের দলের ছেলেমেয়েরা বলে, **'ঈ ঈ ঈ, উ উ উ, আ আ আ|'**

যদি কোন ছেলে বা মেয়ে ভুল কাজ (এ্যাকশন) করে অথবা ভুল শব্দ ব্যবহার করে, সেই ছেলেটি বা মেয়েটি সামনে এগিয়ে আসবে এবং আপনাকে (শিক্ষক) পরের বারের খেলায় কে ভুল বলছে অথবা ভুল কাজ করছে তা লক্ষ্য রাখতে সাহায্য করবে, যে তখন সামনে এগিয়ে আসবে ঠিক প্রথম জনের মতো| যে ছেলেটি বা মেয়েটি শেষ পর্যন্ত থাকবে এই খেলায় সে-ই হবে তার দলের জন্য বিজয়ী|

সমস্ত নির্দেশগুলো (আদেশ) মিলিয়ে-মিশিয়ে দিন যাতে ছেলেমেয়েদের খুব যত্নসহকারে শুনতে হয়| খেলাটি ততক্ষণ চলতে থাকবে যতক্ষণ না একজন সমস্ত এ্যাকশনগুলি ঠিকভাবে করে এবং সমস্ত শব্দগুলি ঠিকভাবে বলে| তাদের দলটি হবে বিজয়ী দল| প্রত্যেকে খেলাটি ভালভাবে

পাঠ 4

বুঝেছে এটা দেখা দরকার|

যখন খেলায় একটিমাত্র ছেলে বা মেয়ে বাকি থাকবে তখন বিজয়ী দলের নাম ঘোষনা করুন| তখন সবাই আবার বসে পড়বে|

নোহকে মনে আছে? নোহের গল্পের কতটুকু মনে আছে এবং আমরা গল্পের কতদূর পর্যন্ত এসেছিলাম?

সুখবরের কাহিনী পুস্তক দুই এর আঁকাগুলো ছেলেমেয়েদের দেখাতে দেখাতে পৃষ্ঠা 8-15 পর্যন্ত পড়ে গল্পটি পড়া শেষ করুন|

1, 2, 3... পড়তে শুরু করুন...

প্রশ্নোত্তরের প্রতিযোগিতা

ছোট ছেলেমেয়েদের কাছে গল্পটি সম্পর্কে প্রশ্ন করুন| ছেলেমেয়েদের নিয়ে দুটি দল তৈরি করুন|

প্রথম দলকে একটি প্রশ্ন করুন| প্রথম দলের সমস্ত ছেলেমেয়েদের একটিমাত্র উত্তরের সিদ্ধান্ত নিতে হবে| ওরা যদি ঠিক উত্তর দেয় তাহলে আপনি ওদের দলকে 1 নম্বর দিন| যদি প্রথম দলটি সঠিক উত্তর দিতে না পারে তাহলে একই প্রশ্ন দ্বিতীয় দলকে জিজ্ঞাসা করুন| দ্বিতীয় দলের সমস্ত ছোট ছেলেমেয়েদের একটিমাত্র উত্তরের সিদ্ধান্ত নিতে হবে| যদি ওরা ঠিক উত্তর দেয় তাহলে আপনি ওদের দলকে 1 নম্বর দিন|

নম্বরের হিসেব একটি ব্ল্যাকবোর্ডের ওপর অথবা একটি কাগজের খন্ডের ওপর লিখে রাখুন|

এরপর দ্বিতীয় দলকে গল্প সম্পর্কিত আর একটি প্রশ্ন করুন| দ্বিতীয় দলের সব ছেলেমেয়েদের একটিমাত্র উত্তরের সিদ্ধান্ত নিতে হবে| যদি ওরা ঠিক উত্তর দেয় তাহলে আপনি ওদের 1 নম্বর দেবেন|

গল্প সম্পর্কিত এই প্রশ্নোত্তরের পালা দুই দলের মধ্যে ঘুরিয়ে ফিরিয়ে চলতে থাকবে|

সৃষ্টিকর্তা ঈশ্বরকে বিশ্বাস করুন যিনি আমাদের উদ্ধার করেন

যদি একটি ছেলে বা মেয়ে ভুল উত্তর দেয় তাহলে তাকে উৎসাহ দেবার জন্য বলুন যে তার প্রচেষ্টা ভালো কিন্তু উত্তরটি আপনার আশানুরূপ নয়| যদি কোন ছেলে বা মেয়ে ঠিক উত্তর দেয় তাকে বলুন যে হ্যাঁ, খুব ভালো করেছ!

পরের পৃষ্ঠায় উত্তরসহ কয়েকটি প্রশ্ন দেওয়া হল যা আপনি জিজ্ঞাসা করতে পারেন|

নোহ কার উদ্দেশে গান গেয়েছিলেন?
সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দেশে|

পাঠ 4

সৃষ্টিকর্তা ঈশ্বরকে বিশ্বাস করুন যিনি আমাদের উদ্ধার করেন

সৃষ্টিকর্তা ঈশ্বর কেন নোহকে একটি বিরাট, বিরাট, বিরাট জাহাজ তৈরি করতে বলেছিলেন?
একটা বড় ঝড় এগিয়ে আসছিল এবং সৃষ্টিকর্তা ঈশ্বর নোহ, নোহের পরিবার এবং সমস্ত জীবজন্তুকে উদ্ধার করতে চেয়েছিলেন।

সৃষ্টিকর্তা ঈশ্বর কি করে দেখিয়েছিলেন যে তিনি নোহকে ভালবাসতেন?
সৃষ্টিকর্তা ঈশ্বর নোহ, তার পরিবার এবং সমস্ত জীবজন্তুকে উদ্ধার করেছিলেন।

নোহের ঘটনাটি (গল্পটি) কখন ঘটেছিল?
আমাদের পূর্বপুরুষদের সময়ে।

নোহের গল্পটি থেকে আমরা কি শিক্ষা পাই?
যা কিছু ঘটতে চলেছে তার সবকিছুই সৃষ্টিকর্তা ঈশ্বর জানেন। সৃষ্টিকর্তা ঈশ্বর আমাদের ভালবাসেন। সৃষ্টিকর্তা ঈশ্বর নোহকে যা করতে বলেছিলেন তা যখন নোহ করেছিলেন তখন তিনি সুরক্ষিত ছিলেন।

সৃষ্টিকর্তা ঈশ্বর আমাদের রক্ষা করেন। সৃষ্টিকর্তা ঈশ্বর যা করবেন বলেন তা-ই করেন।

এ্যাকশন গীত



এমন এ্যাকশন গীত ব্যবহার করুন যা সৃষ্টিকর্তা ঈশ্বর, যিনি উদ্ধার করেন তাঁকে বিশ্বাস করতে শেখায়।

দেখতে কি পাও তুমি পশুদের, পশুদের, পশুদের
দেখতে কি পাও তুমি, জাহাজ তোরণ পেরিয়ে আসে পশুরা

প্রভু করেছেন উদ্ধার সব পশুদের, পশুদের, পশুদের
প্রভু করেছেন উদ্ধার সব পশুদের, বাঁচিয়েছেন তাদের বন্যা থেকে

বিষয়কেন্দ্রিক পাঠ

বিষয়কেন্দ্রিক পাঠ এমন হবে যা শেখাবে সৃষ্টিকর্তা ঈশ্বর, যিনি উদ্ধার করেন তাঁকে বিশ্বাস করতে।

দুটি ছেলেকে বলুন আপনার সহায়ক হতে। একটি ছোট ছেলের চোখ বেঁধে দিন। অন্য ছেলেটিকে বলুন চোখ বাঁধা ছেলেটিকে সমস্ত ঘরটির চারপাশে অথবা পুরো গ্রামটিকে নেতৃত্ব দিয়ে ঘুরিয়ে আনতে।

ছেলে দুটি তাদের যাত্রা শেষ করলে চোখ বাঁধা ছেলেটিকে প্রশ্ন করুন যার উত্তর অন্য সব ছেলেমেয়েরা শুনবে।

এখানে কয়েকটি প্রশ্ন আছে যা আপনি জিজ্ঞাসা করতে পারেন।

কোথায় যাচ্ছো যদি না জানতে পারো তবে তোমার কেমন লাগে?

তোমার বন্ধুকে বিশ্বাস করে কি ব্যাপারটা সহজ হয়েছিল?

পাঠ 4

তোমার সত্যিকারের জীবনে তুমি কি আগে থেকে জানতে পারো অতঃপর কি হতে চলেছে?

সৃষ্টিকর্তা ঈশ্বরকে বিশ্বাস করবার জন্য তুমি কি করতে পারো?

বাইবেলের মুখস্ত পদের খেলা

বাইবেলের এমন পদ ব্যবহার করুন যা শেখায়, যিনি উদ্ধার করেন সেই সৃষ্টিকর্তা ঈশ্বরকে বিশ্বাস কর

বুঝিয়ে বলুন যে সৃষ্টিকর্তা ঈশ্বরের আর এক নাম প্রভু।

আদিপুস্তক 6:22 *'ঈশ্বর যেমন আজ্ঞা দিয়েছিলেন, নোহ সবকিছু ঠিক সেইভাবেই পালন করলেন।'*

বাইবেলের মুখস্থ পদটি গান করুন/বলুন এবং ছোট ছেলেমেয়েদের বলুন আপনার (শিক্ষক) পরে পুনরাবৃত্তি করতে। এটা বারবার করুন যতক্ষণ না ছেলেমেয়েরা বাইবেলের মুখস্থ পদটি মনে রাখতে পারে।

তারপর পদের কথাগুলিতে একটা ছন্দ ও সুর বসান যাতে ছেলেমেয়েরা সেটা গাইতে পারে।

শিক্ষক: 'ঈশ্বর যেমন আজ্ঞা দিয়েছিলেন'
ছেলেমেয়েরা: 'ঈশ্বর যেমন আজ্ঞা দিয়েছিলেন'

শিক্ষক: 'নোহ সবকিছু ঠিক সেইভাবেই'
ছেলেমেয়েরা: 'নোহ সবকিছু ঠিক সেইভাবেই'

শিক্ষক: 'পালন করলেন।'
ছেলেমেয়েরা: 'পালন করলেন।'

শিক্ষক: 'আদি পুস্তক 6:22'
ছেলেমেয়েরা: 'আদি পুস্তক 6:22'

সৃষ্টিকর্তা ঈশ্বরকে বিশ্বাস করুন যিনি আমাদের উদ্ধার করেন

ব্যবহারিক প্রয়োগ

এমনভাবে ব্যবহারিক প্রয়োগ করুন যা শেখাবে, সৃষ্টিকর্তা ঈশ্বর যিনি আমাদের উদ্ধার করেন তাঁকে বিশ্বাস কর

সৃষ্টিকর্তা আমাদের উদ্ধার করেন এ কথা জানার মানে হল আমরা সৃষ্টিকর্তা ঈশ্বরকে বিশ্বাস করতে পারি। সৃষ্টিকর্তা ঈশ্বর সব কিছু জানেন। সৃষ্টিকর্তা ঈশ্বর সব কিছু দেখতে পান। ঠিক যেমন নোহ যখন সৃষ্টিকর্তা ঈশ্বরকে তাঁর নেতৃত্ব করতে দিয়েছিলেন তেমনি আমরা যখন সৃষ্টিকর্তা ঈশ্বরকে নেতৃত্ব করতে দিই, তখন আমরা ঝড়ের মুখে থাকলেও শান্তি পাই।

প্রার্থনা: সৃষ্টিকর্তা ঈশ্বর তোমাকে ধন্যবাদ যে তুমি মানুষকে আর জীব-জন্তুদের রক্ষা করো। সৃষ্টিকর্তা ঈশ্বর তোমাতে আমি আমার বিশ্বাস স্থাপন করি। সৃষ্টিকর্তা ঈশ্বর, আমার জীবনের সমস্ত দিনগুলিতে আমায় নেতৃত্ব দাও। আমেন।

পাঠ 5



একটি শিক্ষাকেন্দ্রিক বিষয়

সৃষ্টিকর্তা ঈশ্বর যা কিছু/সবকিছু করতে পারেন

বাইবেলের গল্প

সৃষ্টিকর্তা ঈশ্বর যা কিছু/সবকিছু করতে পারেন

এমন গল্প ব্যবহার করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর যা কিছু তাই করতে পারেন

সুখবরের কাহিনী পুস্তক দুই | পৃষ্ঠা 16-32 | *বিশেষ উপহার |*

অপেক্ষা করে থাকার খেলা: এমন জায়গায় দাঁড়ান যেখানে সব ছোট ছেলেমেয়ে আপনাকে দেখতে পায় | ভান করুন যেন আপনি খুব যত্নসহকারে আপনার ঘড়ি দেখছেন (অথবা, আপনার কাছে ঘড়ি না থাকলে ঘড়ি আছে এমন ভান করুন) | এমন ভান করুন যেন আপনি কিছু ঘটবার জন্য অপেক্ষা করছেন | যতক্ষণ না একজন ছেলে বা মেয়ে আপনাকে জিজ্ঞাসা করছে যে আপনি কিসের জন্য অপেক্ষা করছেন ততক্ষণ পর্যন্ত অপেক্ষা করুন | (এতে কিছু সময় লাগতে পারে) |

তারপর বলুন, 'তোমরা যাতে এই প্রশ্ন আমাকে কর তার জন্য আমি অপেক্ষা করছিলাম', আপনি যার জন্য অপেক্ষা করছেন!'

আজকের গল্পে আমরা একজন মানুষের সম্বন্ধে জানব | তার নাম অব্রাহাম | অব্রাহাম কোন কিছুর জন্য অনেক বছর ধরে অপেক্ষা করছিলেন | অব্রাহাম কিসের জন্য অপেক্ষা করছিলেন তার সন্ধান পাবার জন্য খুব মন দিয়ে শোন |

ছেলেমেয়েদের বলুন যে আপনি যখনই ওদের দিকে অঙ্গুলি নির্দেশ করবেন তখন তাদের বলতে হবে, 'সৃষ্টিকর্তা ঈশ্বর কি যা কিছু করতে পারেন?' সুখবরের কাহিনী পুস্তক দুই থেকে 'বিশেষ উপহার' গল্পটি পড়তে পড়তে বলুন |

গল্পে যেখানেই 'সৃষ্টিকর্তা ঈশ্বর যা কিছুই করতে পারেন' কথাগুলো থাকবে তখনই ছেলেমেয়েদের দিকে অঙ্গুলি নির্দেশ করবেন | ছোট ছেলেমেয়েরা বলবে, 'সৃষ্টিকর্তা ঈশ্বর যা কিছুই করতে পারেন |'

গল্পটি শেষ হয়ে গেলে ছেলেমেয়েদের এই প্রশ্নটি করুন |

'অব্রাহাম কিসের জন্য অপেক্ষা করছিলেন?'
একটি শিশুর জন্য |

পাঠ 5





তাঁর এই সন্তানদের মাধ্যমে ঈশ্বর বহু মানুষকে উদ্ধার করেন।
একটি মেষশাবকের বলি।
সৃষ্টিকর্তা ঈশ্বর পৃথিবীতে নেমে আসবেন।

1, 2, 3 গল্পটি শুরু করুন...

এ্যাকশন গীত

এমন এ্যাকশন গীত ব্যবহার করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর যা কিছুই করতে পারেন

ব্যাখ্যা করুন যে সৃষ্টিকর্তা ঈশ্বরের আর এক নাম *প্রভু*

পিতা অব্রাহাম, তাঁর অনেক সন্তান বহু সন্তানের পিতা অব্রাহাম
আমি তার একজন তুমি ও তাই তাই এসো ধন্য গাই।
ডান হাত
পিতা অব্রাহাম, তাঁর অনেক সন্তান বহু সন্তানের পিতা অব্রাহাম
আমি তার একজন তুমি ও তাই তাই এসো ধন্য গাই।
ডান হাত, বাঁ হাত
পিতা অব্রাহাম, তাঁর অনেক সন্তান বহু সন্তানের পিতা অব্রাহাম
আমি তার একজন তুমি ও তাই তাই এসো ধন্য গাই।
ডান হাত, বাঁ হাত, ডান পা
পিতা অব্রাহাম, তাঁর অনেক সন্তান বহু সন্তানের পিতা অব্রাহাম
আমি তার একজন তুমি ও তাই তাই এসো ধন্য গাই।
ডান হাত, বাঁ হাত, ডান পা, বাঁ পা
পিতা অব্রাহাম, তাঁর অনেক সন্তান বহু সন্তানের পিতা অব্রাহাম
আমি তার একজন তুমি ও তাই তাই এসো ধন্য গাই।
ডান হাত, বাঁ হাত, ডান পা, বাঁ পা, মাথা নাড়াও
পিতা অব্রাহাম, তাঁর অনেক সন্তান বহু সন্তানের পিতা অব্রাহাম
আমি তার একজন তুমি ও তাই তাই এসো ধন্য গাই।
ডান হাত, বাঁ হাত, ডান পা, বাঁ পা, মাথা নাড়াও, ঘুরে যাও
ও তাই তাই এসো ধন্য গাই!

পাঠ 5

বিষয়বস্তুকেন্দ্রিক পাঠ

এমন বিষয়বস্তু ব্যবহার করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর যা কিছুই করতে পারেন

তুমি কি দেখতে পাচ্ছো? যদি একটি ছেলে বা মেয়ে ভুল উত্তর দেয় তাকে উৎসাহ দিয়ে বলুন যে তার প্রচেষ্টা ভাল কিন্তু তার উত্তরটি আপনি যে উত্তর চাইছেন সেটা নয়। যদি কোন ছেলে বা মেয়ে ঠিক উত্তর দেয় তাহলে তাকে বলুন, হ্যাঁ, খুব ভাল হয়েছে! যতক্ষণ না কোন ছেলে বা মেয়ে সঠিক উত্তর দিচ্ছে ততক্ষণ একই প্রশ্ন করতে থাকুন।

সৃষ্টিকর্তা ঈশ্বর যা কিছু/সবকিছু করতে পারেন

আকাশের দিকে তাকাও। **কি দেখতে পাচ্ছো?**
সম্ভাব্য উত্তর: সূর্য, আকাশ, মেঘ, পাখি,

কে এই সকালে সূর্যকে উদয় হতে দিয়েছেন?
সৃষ্টিকর্তা ঈশ্বর সূর্যকে এই সকালে উদয় হতে দিয়েছেন।

প্রতি রাত্রে কে সূর্যকে অস্ত যেতে দেন?
সৃষ্টিকর্তা ঈশ্বর প্রতি রাত্রে সূর্যকে অস্ত যাওয়ান।

কে মেঘদের আকাশের একপ্রান্ত থেকে আর এক প্রান্তে যেতে দেয়?
সৃষ্টিকর্তা ঈশ্বর মেঘদের আকাশের একদিক থেকে অন্য দিকে যেতে দেন।

কে মেঘ থেকে বৃষ্টি আনে?
সৃষ্টিকর্তা ঈশ্বর মেঘ থেকে বৃষ্টি আনেন।

আকাশে কে পাখিদের তত্ত্বাবধান করে?
সৃষ্টিকর্তা ঈশ্বর আকাশে পাখিদের তত্ত্বাবধান করেন।

সৃষ্টিকর্তা ঈশ্বর যা কিছুই করতে পারেন।

বাইবেলের মুখস্থ পদের খেলা

এমন বাইবেল পদ ব্যবহার করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর কোন কিছুই করতে পারেন

ব্যাখ্যা করুন যে সৃষ্টিকর্তা ঈশ্বরের আর এক নাম প্রভু।

আদিপুস্তক 15:6 *'অব্রাম ঈশ্বরকে বিশ্বাস করলেন এবং ঈশ্বর অব্রামের বিশ্বাসকে তার ধার্মিকতা হিসেবে বিবেচনা করলেন।'*

শিক্ষণের জন্য সহায়ক উপকরণ: লেখবার জন্য ব্ল্যাকবোর্ড ও খড়ি, অথবা ধুলো আর কাঠি, অথবা কাগজ ও পেনসিল।

ব্ল্যাকবোর্ডের ওপর অথবা ধুলোর ওপর অথবা কাগজের ওপর বাইবেলের মুখস্থ পদটি লিখুন। বাইবেলের মুখস্থ পদটি বলুন এবং বলতে বলতে প্রতিটি শব্দের দিকে নির্দেশ করুন। যদি ছোট

পাঠ 5

ছেলেমেয়েরা পড়তে না শিখে থাকে তাহলে বাইবেলের মুখস্থ পদটি লেখবার দরকার নেই। আপনি এক গুচ্ছ শব্দ বলবার পর ছেলেমেয়েরা তার পুনরাবৃত্তি করবে।

অব্রাহাম ঈশ্বরকে বিশ্বাস করলেন (x3)

সৃষ্টিকর্তা ঈশ্বর যা কিছু/সবকিছু করতে পারেন

এবং ঈশ্বর অব্রাহামের বিশ্বাসকে (x3)

তার ধার্মিকতা হিসেবে বিবেচনা করলেন। (x3)

এবার সব ছেলেমেয়েরা উঠে দাঁড়াবে। ছেলেমেয়েদের বলুন আপনাকে অনুসরণ করতে।

বাইবেলের মুখস্থ পদটি বলতে বলতে আপনার পেটে হাত বোলান।

এবার ছেলেমেয়েরা বাইবেলের মুখস্থ পদটি বলবে এবং একই সঙ্গে তাদের পেটে হাত বুলোবে।

এবার বাইবেলের মুখস্থ পদটি বলতে বলতে একটি বৃত্তের আকারে ঘুরে যান। এখন ছেলেমেয়েরা বাইবেলের মুখস্থ পদটি বলতে বলতে একটি বৃত্তের আকারে ঘুরে যাবে।

বাইবেলের মুখস্থ পদটি বলুন এবং একই সঙ্গে ওপরে-নীচে লাফাতে থাকুন। এবার ছেলেমেয়েরা বাইবেলের মুখস্ত পদটি বলতে বলতে ওপরে-নীচে লাফাতে থাকবে।

বাইবেলের মুখস্থ পদের লেখাটি সরিয়ে ফেলুন এবং ছেলেমেয়েদের বলুন শেষবারের মত একবার বাইবেলের মুখস্থ পদটি বলতে।

ব্যবহারিক প্রয়োগ

এমনভাবে ব্যবহারিক প্রয়োগ করুন যা শেখায় যে, সৃষ্টিকর্তা ঈশ্বর কোন কিছুই করতে পারেন।

সৃষ্টিকর্তা ঈশ্বর যে কোন কিছুই করতে পারেন কারণ তিনি সব কিছু সৃষ্টি করেছেন। সৃষ্টিকর্তা ঈশ্বর আমাদের খুব ভালবাসেন। সৃষ্টিকর্তা ঈশ্বর আমাদের চিরকাল, চিরকাল এবং সর্বদা উদ্ধার করেন।

প্রার্থনা: সৃষ্টিকর্তা ঈশ্বর, আমাকে ভালবাসার জন্য ধন্যবাদ। ধন্যবাদ, হে সৃষ্টিকর্তা ঈশ্বর যে তুমি যে কোন কিছুই করতে পার কারণ তুমি সব কিছুই সৃষ্টি করেছ। আমি তোমাতে বিশ্বাস স্থাপন করি। আমি তোমাতে ভরসা রাখি। আমেন।

পুরস্কার: প্রত্যেকটি ছোট ছেলেমেয়েকে তার সুখবরের কাহিনী পুস্তক দুইএর অনুলিপি দিন। প্রতিটি ছেলেমেয়েকে তার সুখবরের কাহিনী পুস্তক দুই পড়তে সাহায্য করুন।